




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
জরিপ অধিশাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd



ভূমি সেবা হচ্ছে ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ৩১.০৩৬.০১৩.০০.০০.১৩৮.২০১০.২৮

তারিখ: ২২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রাপক : উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় : জনাব আলতাফ হোসেন সরকার, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম, রংপুর জোন-এর সংশোধিত আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরি।

সূত্র : (১) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্মারক নম্বর : ৩১.০৩.০০০০.০০২.১৩.০৭২.১০.৫১৩ ; তারিখ : ১৭/১১/২০২২ খ্রি।

(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নম্বর : ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৭.১২.৩৪১, তারিখ : ২৬/১১/২০১৯ খ্রি।

(৩) ভূমি মন্ত্রণালয়ের জরিপ-১ শাখার স্মারক নম্বর : ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৭৪.১৮.৮; তারিখ : ০৭/০১/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আলতাফ হোসেন সরকার, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম, রংপুর জোন ২৮/১০/২০০৮ তারিখ চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করেন। এই মন্ত্রণালয়ের ০৪/০৭/২০১০ তারিখের ৩১.০৩৬.০১৩.০০.০০.১৩৮.২০১০-৪১৯ নম্বর স্মারকে তার আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুর করা হলে হিসাবরক্ষণ অফিস হতে তার মূল বেতন ৮,২৬০/- টাকার উপর ৭০% হারে মাসিক অবসর ভাতা ২,৮৯১/- (দুই হাজার আটশত একানব্বই) টাকা এবং এককালীন আনুতোষিক বাবদ ৫,৭৮,২০০/- (পাঁচ লক্ষ আঠাত্তর হাজার দুইশত) টাকা অবসর ভাতা ও আনুতোষিক তার স্ত্রী শামীমা আক্তার কর্তৃক উত্তোলন করা হয়েছিল।

২। উপর্যুক্ত বিষয়ে সূত্রস্ব ২ ও ৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব আলতাফ হোসেন সরকার, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম, রংপুর উন্নীত বেতন স্কেল প্রাপ্ত হওয়ায় উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম কর্তৃক বেতন পুন:নির্ধারণ পূর্বক সংশোধিত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) জারি করায় তার মূল বেতন ১১,০২৫/- (এগার হাজার পচিশ) টাকার উপর নির্ধারিত ৭০% হার অনুযায়ী আনুতোষিক বাবদ এককালীন ৭,৭১,৭৫০/- (সাত লক্ষ একাত্তর হাজার সাতশত পঞ্চাশ) টাকা এবং বিধি মোতাবেক মাসিক অবসর ভাতা ৩,৮৫৮.৭৫ (তিন হাজার আটশত আটান্ন দশমিক সাত পাঁচ) টাকা প্রাপ্য। পূর্বে উত্তোলিত আনুতোষিক বাবদে (৭,৭১,৭৫০ - ৫,৭৮,২০০) = ১,৯৩,৫৫০/- (এক লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরি সচিব, ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

৩। জনাব আলতাফ হোসেন সরকার, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম, রংপুর জোন ২৮/১০/২০০৮ তারিখ চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করায় তার স্ত্রী শামীমা আক্তার এর অনুকূলে সংশোধিত বকেয়া আনুতোষিক ও বিধি মোতাবেক মাসিক পারিবারিক অবসর ভাতা ২৮/১০/২০০৮ তারিখ হতে প্রদানের মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে প্রদান করা হল।

৪। জনাব আলতাফ হোসেন সরকার-এর স্ত্রী শামীমা আক্তার-এর অনুকূলে বকেয়া আনুতোষিক ও বিধি মোতাবেক মাসিক অবসর ভাতা মঞ্জুরের লক্ষ্যে প্রাপ্ত কাগজাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এইসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি : মূল পিপি বইসহ ৩১ (একত্রিশ) ফর্দ।

স্বাক্ষরিত

(এম.এম. আরিফ পাশা)

যুগ্মসচিব (জরিপ-১)

ভূমি মন্ত্রণালয়

ফোন: ৫৫১০০০৪৮


E-Mail: survey1@minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০৩৬.০১৩.০০.০০.১৩৮.২০১০-২৮/১(৯)

তারিখ: ২২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৭। বেগম শামীমা আক্তার, স্বামী মৃত জনাব আলতাক হোসেন সরকার, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম (বর্তমান ঠিকানা : গ্রাম-সাতপাটকী, ডাকঘর-মহেন্দ্রনগর, উপজেলা+জেলা-লালমনিরহাট)।
- ৮। অতিরিক্ত সচিব (জরিপ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অফিস কপি/ মাস্টার কপি, ভূমি মন্ত্রণালয়।


(এম.এম. আরিফ পাশা)
যুগ্মসচিব (জরিপ-১)